

৫০০ টাকা ব্যাংকনোটের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য



ইন্ট্যাগ্লিও কালির অসমতল ছাপা :

নোটের সামনের দিকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি ও বাংলাদেশ ব্যাংক লেখা এবং নোটের মূল্যমান ইন্ট্যাগ্লিও কালিতে মুদ্রিত আছে, যা হাতের স্পর্শে উঁচু-নীচু অনুভূত হবে।

রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সুতা :

নোটের বামপাশে ৪ মিলিমিটার চওড়া চুলের বেণী সদৃশ নিরাপত্তা সুতা রয়েছে, যার একটি অংশ লাল হতে সবুজ রংয়ে পরিবর্তিত হবে এবং অপর অংশ (উজ্জ্বল সোনালী বার) এ '৫০০ টাকা' লেখা রয়েছে। নোটটি আলোর বিপরীতে ধরলে তা দৃশ্যমান হবে। নোটটি নাড়াচাড়া করলে এতে হলোগ্রাফিক ইমেজ দেখা যাবে।

অতি ছোট আকারের লেখা :

অতি ক্ষুদ্র আকারের BANGLADESH BANK লেখা পুনঃপুনঃ লিখে এই লাইনটিতে মুদ্রিত রয়েছে। লেখাগুলো অতি ক্ষুদ্র আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে এগুলো দেখা যাবে না।

ইন্ট্যাগ্লিও কালির অসমতল ছাপা :

নোটের পিছনের দিকে ইন্ট্যাগ্লিও কালিতে বাংলাদেশের কৃষি কাজের চিত্র মুদ্রিত আছে, যা হাতের স্পর্শে উঁচু-নীচু অনুভূত হবে।



লুকানো ছাপা :

নোটের নিচের বর্ডারে সুপ্ত বা লুকানো অবস্থায় ৫০০ মুদ্রিত আছে। নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।



নোটের সাইজ : ৬৫ X ১৫২ মিলিমিটার।

OVI :

নোটের উপরের ডানকোণায় মেজেন্টা থেকে সবুজ রংয়ের OVI (Optically Variable Ink) দ্বারা 500 লেখা রয়েছে, নোটটি নাড়াচাড়া করলে মেজেন্টা থেকে সবুজ রংয়ে পরিবর্তন হবে।

ইন্ট্যাগ্লিও কালির অসমতল ছাপা :

অঙ্কদের জন্য নোটের ডানদিকে ৭টি সমান্তরাল লাইন ও এর নিচে ৪টি ছোট বৃত্ত ইন্ট্যাগ্লিও কালিতে মুদ্রিত আছে, যা হাতের স্পর্শে উঁচু-নীচু অনুভূত হবে।

জলছাপ :

কাগজে জলছাপ হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে 500 লেখা এবং উপরে বামপাশে বাংলাদেশ ব্যাংকের লোগোর উজ্জ্বলতর জলছাপ রয়েছে।

কাগজ :

নোটটি ১০০% কটন ফাইবার দ্বারা পরিবেশ বান্ধব উন্নত মানের কাগজে মুদ্রিত। এতে লাল, নীল ও হলুদ রংয়ের অদৃশ্য ফাইবার রয়েছে, যা UV (Ultra Violet) লাইটে দৃশ্যমান হবে।

ব্যাংকনোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন

নোট জালকারীচক্রের প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন



বাংলাদেশ ব্যাংক

www.bangladeshbank.org.bd → bank note & coins → security features